



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/যশোর-১৪৪/৭৫০

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ  
১৫ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: রিট পিটিশন নং- ৯১৫০/২০১৯ এ বিগত ১৫.১০.২০১৯খ্রিঃ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর আলিম মাদ্রাসার চূড়ান্তভাবে বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক বিগত ১৪.০৭.২০১৯খ্রিঃ তারিখে উক্ত বরখাস্ত আদেশ পুনঃবিবেচনা করে চাকরিতে পূর্ববহালের জন্য আবেদন করেন। পরবর্তীতে উক্ত আবেদনের প্রেক্ষিতে পদক্ষেপ গ্রহণের নিষ্ফলতা চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে উল্লিখিত রিট পিটিশন দায়ের করলে মহামান্য হাইকোর্ট বিভাগ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে ৬০ (ষাট) দিনের মধ্যে জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক এর ১৪.০৭.২০১৯খ্রিঃ তারিখের দরখাস্তটি নিষ্পত্তি করার আদেশ প্রদান করেন।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড মহামান্য হাইকোর্ট বিভাগের উক্ত আদেশের কপি প্রাপ্ত হয়ে বিষয়টি মহামান্য সুপ্রীমকোর্টের বিজ্ঞ সিনিয়র আইনজীবীর মতামতের প্রেক্ষিতে সার্বিক বিষয় পর্যালোচনা করে। উক্ত পর্যালোচনায় দেখা যায়, জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক উল্লিখিত বরখাস্তের বিষয়ে ইতোপূর্বে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১০১০২/২০১৪ দায়ের করেন। শুনানী শেষে বিগত ১২.০৮.২০১৮খ্রিঃ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ উক্ত রিট পিটিশনটি গ্রহণযোগ্য নয় মর্মে খারিজ করে দেন।

অপরদিকে একই মাদ্রাসার অধ্যক্ষ হিসেবে কর্মরত জনাব মুহাঃ জাকারিয়া হোসেন তার এমপিওভুক্তির বাতিল আদেশের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৮৭৫০/২০১৬ দায়ের করেন। অতঃপর বিগত ০৫.০২.২০১৮খ্রিঃ তারিখে শুনানী শেষে মহামান্য হাইকোর্ট বিভাগ উক্ত রিট পিটিশনে ইস্যুকৃত রুলটি এস্যুয়ল্ট করেন এবং ৩০ দিনের মধ্যে এমপিওভুক্তির নির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক এবং মাদ্রাসার গভার্ণিং বডি উক্ত রিট পিটিশনের আদেশে সংক্ষুব্ধ হয়ে মহামান্য আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং- ২০৫১/২০১৮, ২৬৬৮/২০১৮, ৪৪৯১/২০১৮ দায়ের করেন। মহামান্য আপিল বিভাগ পূর্নাজ্ঞা শুনানী শেষে বিগত ১০.১২.২০১৮খ্রিঃ তারিখে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং- ২০৫১/২০১৮, ২৬৬৮/২০১৮, ৪৪৯১/২০১৮ সমূহ খারিজ প্রদান করে আদেশ প্রদান করেন এবং সংশ্লিষ্ট মামলাসমূহের মহামান্য হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ বহাল রাখেন। অতঃপর আ.ন.ম আব্দুর রাজ্জাক উক্ত লিভ পিটিশনসমূহের আদেশের বিরুদ্ধে সিভিল রিভিউ পিটিশন নং- ১১৩/২০২০ দায়ের করেন, যা অদ্যাবধি মহামান্য আপিল বিভাগে বিচারাধীন আছে। উল্লেখ্য যে, উপরিলিখিত মামলাসমূহ ব্যতিত জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত বিগত ২৯.০৯.২০১৪খ্রিঃ তারিখের বরখাস্ত আদেশ/সিদ্ধান্ত অবৈধ, জাল মর্মে দাবী করে বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, যশোর-এ দেওয়ানী মোকদ্দমা নং- ১২/২০১৯ দায়ের করেন, যা অদ্যাবধি বিচারাধীন আছে।

উপরিউক্ত অবস্থার প্রেক্ষিতে মহামান্য সুপ্রীমকোর্টের আপিল বিভাগে বিচারাধীন সিভিল রিভিউ পিটিশন নং- ১১৩/২০২০ এবং বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, যশোর-এ বিচারাধীন দেওয়ানী মোকদ্দমা নং- ১২/২০১৯ সমূহের রায়/আদেশ দ্বারা যা নির্দেশিত হবে তা পালন ব্যতিত জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক এর গত ১৪.০৭.২০১৯খ্রিঃ তারিখের দরখাস্তের প্রেক্ষিতে দরখাস্তকারী জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাককে চাকরিতে পূর্ববহালের বিষয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সিদ্ধান্ত গ্রহণের কোন সুযোগ নেই।

এতদ্বারা বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণপূর্বক মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৯১৫০/২০১৯ এর বিগত ১৫.১০.২০১৯খ্রিঃ তারিখের আদেশের প্রেক্ষিতে জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক এর ১৪.০৭.২০১৯খ্রিঃ তারিখের দরখাস্তটি নিষ্পত্তি করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
১৫.১০.২০২০

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক

চূড়ান্ত বরখাস্তকৃত অধ্যক্ষ (রিট পিটিশন নং- ৯১৫০/২০১৯ এর বাদী)


উপশহর আলিম মাদ্রাসা, সদর, যশোর।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/যশোর-১৪৪/৭৫০/৮

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ  
১৫ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, যশোর;
২. জেলা শিক্ষা অফিসার, যশোর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর;
৪. জনাব মোঃ হামিদুর রহমান, অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা  
- চেম্বার: ৩৫/১, সিক্রেসারী সার্কুলার রোড (৩য় তলা), সিক্রেসারী, রমনা, ঢাকা-১২১১;
৫. পরিচালনা কমিটি, উপশহর আলিম মাদ্রাসা, সদর, যশোর;
৬. অধ্যক্ষ, উপশহর আলিম মাদ্রাসা, সদর, যশোর;
৭. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

  
১৫/১০/২০২০

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪